




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের দপ্তর
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
খুলনা।
adfscdkhulna@yahoo.com



স্মারক নং-৫৮.০৩.৪০৪৭.০০৩.৯৯.০১৪.১৮-৩৬২২(০৪)

তারিখঃ ১৪ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
২৮ জুন ২০২১ খ্রিস্টাব্দ

“অফিস আদেশ”

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বৃহত্তর খুলনা জেলাধীন বিভিন্ন দপ্তর ও ফায়ার স্টেশনের সংযুক্ত কর্মকর্তা/কর্মচারীগণসহ এবং স্টেশনের কর্মকর্তা/কর্মচারীগণ ইএফটির মাধ্যমে বেতন-ভাতাদি স্ব-স্ব ব্যাংক একাউন্টের মাধ্যমে উত্তোলনের কারণে অধিদপ্তরের জারিকৃত বিভাগীয় নীতিমালা অনুযায়ী বিভাগীয় কল্যাণ তহবিল, নারী কল্যাণ সমিতি ইত্যাদি কর্তনের অর্থ যথাসময়ে জমা করা হচ্ছে না। ফলে সংশ্লিষ্ট দপ্তর/ফায়ার স্টেশনের কর্তনকৃত অর্থ একীভূত করে নির্ধারিত সময়ে প্রেরণ প্রক্রিয়া ব্যহত হচ্ছে যা মোটেও কাম্য নয়।

এমতাবস্থায়, সংযুক্ত কর্মকর্তা/কর্মচারীগণসহ দপ্তর/ফায়ার স্টেশনের কর্মকর্তা/কর্মচারীদের নির্ধারিত কর্তনের অর্থ স্টেশনের ভারপ্রাপ্ত কর্মকর্তা যথাসময়ে প্রেরণ এবং দপ্তর কর্তৃক প্রাপ্ত অর্থ তালিকাসহ মহাপরিচালক মহোদয়ের দপ্তরে প্রেরণ করে অত্র দপ্তরকে অনুলিপি প্রদানের নির্দেশনা দেয়া হলো।

উল্লেখ্য যে, দপ্তর/ফায়ার স্টেশনে সংযুক্ত কর্মকর্তা/কর্মচারীদের মাস্টার রোল সংশ্লিষ্ট দপ্তর/ফায়ার স্টেশনে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করে পরবর্তীতে হার্ড কপি প্রেরণের অনুরোধ করা হলো।

মোঃ আনোয়ার হোসেন
সহকারী পরিচালক (চঃদা)
খুলনা।
ফোনঃ ৭৬২১৭৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা বিভাগ, খুলনা।

কার্যার্থেঃ

- ১। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট।
- ২। সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, খুলনা। তাকে এ আদেশটি বিভাগীয় তথ্য বাতায়নে সংযুক্ত করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। অফিস নথী।